



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল-৪,৫,৬)

১১৯, কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০

www.bfsa.gov.bd



## গুড়ে ক্ষতিকর হাইড্রোজ ( $\text{Na}_2\text{S}_2\text{O}_4$ ) এর ব্যবহার নিষিদ্ধ সম্পর্কে

### সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা গুড় উৎপাদনকারী/ ব্যবসায়ীগণকে জানানো যাচ্ছে যে, গুড়ে ক্ষতিকর রাসায়নিক হাইড্রোজ ( $\text{Na}_2\text{S}_2\text{O}_4$ ) এর ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক সারা দেশ হতে সংগৃহীত গুড়ের নমুনা পরীক্ষায় বেশ কিছু খেজুর ও আখের গুড়ে মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর হাইড্রোজের উপস্থিতি পাওয়া যায়। উল্লেখ্য যে, মানব শরীরে হাইড্রোজ নিম্নরূপ ক্ষতিকর প্রভাব ফেলতে পারে:

- পেটের পীড়া ও আলসার;
- পাকস্থলীর ক্যান্সার;
- মানবদেহের বিভিন্ন হরমোনের কার্যক্রমে ব্যাঘাত ঘটানো;
- ইনসুলিনের কার্যকারিতা কমিয়ে দিয়ে ডায়াবেটিসের ঝুঁকি বাড়িয়ে দেওয়া।

এমতাবস্থায়, গুড় উৎপাদনকারী, খুচরা ও পাইকারি ব্যবসায়ীগণকে –

- ❖ তাদের উৎপাদিত গুড়ে হাইড্রোজ ব্যবহার অনতিবিলম্বে বন্ধের নির্দেশনা প্রদান করা হলো।
- ❖ হাইড্রোজযুক্ত গুড় মজুদ, পরিবহণ ও বিক্রয় হতে বিরত থাকার নির্দেশনা প্রদান করা হলো।

সতর্কীকরণ বিজ্ঞপ্তিটি প্রচারের পরে এ সংক্রান্ত নির্দেশনাসমূহ অমান্যকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।